

২০ নং

তাল—একতারা

- জয় জয় প্রমথরঞ্জন হরিবংশের চূড়ামণি ।
শুদ্ধ-শান্ত বুদ্ধিমত্ত সর্ব বিদ্যায় রত্নখনি ॥
- ১। বিধি চাঁদ ভেঙ্গে বিদ্যুৎ ছিনিয়ে,
তাতে বিবেক কাঞ্চন মিশাইয়ে,
ভাবিয়ে চিন্তিয়ে অনুরাগের রসনা দিয়ে
গড়লেন প্রেম প্রতিমা খানি ॥
- ২। সরলতা নির্ভরতা প্রভুর অঙ্গেরই ভূষণ,
পবিত্রতা তেমনি ন্যায়পরতা হাসি মুখে মধুরতা
হয়রে যেমন শ্যামের বংশীধ্বনি ॥
- ৩। কৈলাশের চাঁদ শ্রীগুরুচাঁদ, সেই চাঁদে মিশল
ক্ষিরোদের চাঁদ,
হরি-গুরু প্রমথচাঁদ তিনজন মিলন হইল তিনি ॥
- ৪। গোপাল, যাদব, বিপিন, মকুল, তারা ভেবে চিন্তে
না পায় কুল,
শেষে করেছে স্থূল প্রমথরঞ্জন জগতের কুল,
হায় গুরুচাঁদের মুখের বাণী ॥
—প্রেমিক কবি হরিবর সরকার

২১ নং

তাল--কাওয়ালী

রাগিনী—দেশ

- কে এল কে এল রে কেইবা আসিল ।
কোথা ছিল কেন্‌বা এল কে বা বুঝিল ॥
- ১। কিবা তাঁহার মনোভিলাষ, জীবের তরে যাহারই বাস ।
ভাবে কর্মে বোঝা যায় হায়, কি যেন কি দিতে
(লয়ে) এল ॥